

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
বিধি-১(৩) অধিশাখা

০৫.১৭২.০২২.০৬.০০.০১৪.২০১০.৯৪.

০২ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ  
তারিখঃ .....  
১৯ জ্যৈষ্ঠ ১৪১৭ বঙ্গাব্দ

বিষয়ঃ সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তাদের মূল বেতনের ২০% প্রেষণভাতা প্রদান সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তাদের মূল বেতনের ২০% প্রেষণভাতা প্রদান সংক্রান্ত নির্দেশনা আজ ০২/০৬/২০১০ তারিখে জারী করা হয়েছে। পরিপত্রটি সংস্থাপন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : পরিপত্র ০২(দুই) পাতা।

(আসমা ভাস্করী)

উপসচিব

ফোনঃ ৭১৬৩৯৯০

[dsregulation3@moestab.gov.bd](mailto:dsregulation3@moestab.gov.bd)

যুগ্ম-সচিব (সিপিটি)  
সংস্থাপন মন্ত্রণালয়

আসমা ভাস্করী  
২/৬/১০

21/6/10

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
বিধি-১(৩) অধিশাখা

০৫.১৭২.০২২.০৬.০০.০১৪.২০১০.২৬,

০২ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ  
তারিখঃ .....  
১৯ জ্যৈষ্ঠ ১৪১৭ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয়ঃ সামরিক/বেসামরিক সরকারি কর্মকর্তাদের মূল বেতনের ২০% প্রেষণভাতা প্রদান সংক্রান্ত নির্দেশনা।


সকল সরকারি (সামরিক/বেসামরিক) কর্মকর্তা প্রেষণে কর্মকালীন মূল বেতনের ২০% প্রেষণভাতা প্রাপ্য হবেন মর্মে অর্থ বিভাগের ০৭/০৪/২০০৮ তারিখের প্রজ্ঞাপন নং অম/অবি/প্রবিধি-৬/প্রঃমঃ/ভাতা-৬/২০০৭(অংশ)/৩১ জারি করা হয়। কিন্তু প্রেষণ ভাতার জন্য কোন কোন নিয়োগ/পদায়নকে প্রেষণ হিসেবে গণ্য করা হবে, এ সংক্রান্ত প্রশ্ন উত্থাপিত হওয়ায় এবং এ সংক্রান্ত বিদ্যমান কোন নির্দেশনা না থাকায় উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত প্রেষণভাতা প্রাপ্তির উদ্দেশ্যে নিয়ন্ত্রণ নির্দেশনা জারি করা হল :

- (১) সকল সামরিক/বেসামরিক কর্মকর্তা নিয়োক্ত পদসমূহে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োক্তভাবে প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে প্রেষণভাতা প্রাপ্য হবেনঃ
  - (ক) সরকারি কর্মকর্তাদের স্বায়ত্ত্ব-শাসিত/আধা-স্বায়ত্ত্ব শাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রেষণে পূরণযোগ্য পদসমূহে প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে;
  - (খ) সরকারের এক মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠান থেকে অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠানের প্রেষণে পূরণযোগ্য পদসমূহে সংস্থাপন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে;
  - (গ) নিয়োগবিধিতে প্রেষণে নিয়োগ/পদায়নের বিধান থাকার ক্ষেত্রে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে;
  - (ঘ) স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পের সিপি/ডিসিপিতে যে সকল পদে প্রেষণে নিয়োগের বিধান রয়েছে ঐ সকল পদে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে;
  - (ঙ) বেসামরিক পদের সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে যে সকল পদে সামরিক বাহিনীর কর্মকর্তাদের প্রেষণে নিয়োগের বিধান রয়েছে উক্তরূপ পদে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রেষণে নিয়োগ/পদায়নের ক্ষেত্রে।

০২। প্রেষণে কর্মরত কর্মকর্তাদেরকে যে প্রতিষ্ঠানে নিয়োগ দেয়া হবে তাকে সেই প্রতিষ্ঠানের আইন-কানুন, নিয়ম-শৃঙ্খলা ও অন্যান্য বিধিবিধান পালন করতে হবে।

০৩। প্রেষণ প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

০৪। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে এবং এ নির্দেশনা ০৭/০৪/২০০৮ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

  
(ইকবাল মাহমুদ)  
সচিব।

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব,

..... সকল মন্ত্রণালয়/বিভাগ।  
(তঁার আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)

- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজির কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৬। ..... সংস্থাপন মন্ত্রণালয়ের  
আওতাধীন সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, অফিস, সংস্থা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান।
- ৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা-পরিপত্রটি গেজেটের পরবর্তী সংখ্যায়  
প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।